**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়**
**টাঙ্গাইল।**
**tangail.judiciary.org.bd**

আদেশ নং-১৩৩

তারিখ ঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ ।

# অফিস আদেশ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রনালয়, আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-১ এর ১৮-১১-২০১৮খ্রিঃ তারিখের নং-বিচার-১/৪পি-১/২০০৭-৭৮৭ স্মারক মূলে আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) (সংশোধন) আইন, ২০১৮ এর ৮ (২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সমগ্র দেশে (মেট্রোপলিটন এলাকা সহ) দ্রুত বিচার আদালতে সংশ্লিষ্ট জেলার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-১ এর দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট (প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট) কে দ্রুত বিচার আদালতের বিচারক নিয়োগ ক্রমে তাদেরকে The Code of Criminal Procedure, 1898 এর ধারা ২৯ সি (বি) এর ক্ষমতা অর্পণ করা হয়েছে।

এমতাবস্থায় উল্লিখিত প্রজ্ঞাপন মূলে টাঙ্গাইল জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের আওতাধীন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-১ এর দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট (প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট) কে আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আদালতের বিচারকের দায়িত্ব পালন করার জন্য নির্দেশ প্রদান করা গেল।

আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের আওতায় দায়েরকৃত মামলাসমুহ অতিসত্বর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১নং আদালতে স্থানান্তর করার জন্য নির্দেশ দেয়া গেল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৫২.১৮/৬৫৪(৩১)-২৭

তারিখ ঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

০১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
০২। পুলিশ সুপার, টাঙ্গাইল।
০৩। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
০৪। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম আদালত, টাঙ্গাইল।
০৫। বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ২য়/৩য়/৪র্থ/বিদ্যুৎ/বন আদালত, টাঙ্গাইল।
০৬। বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ১ম/২য়/৩য়/৪র্থ/৫ম আদালত, টাঙ্গাইল।
০৭। কোর্ট পুলিশ পরিদর্শক, টাঙ্গাইল। (উক্ত আইনে দায়েরকৃত মামলা দায়িত্ব প্রাপ্ত আদালতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট জি.আর.ও কে নির্দেশ প্রদানের নির্দেশনাসহ)
০৮। অফিসার-ইন-চার্জ, ------------------------------ থানা, টাঙ্গাইল (সকল) ।
০৯। কম্পিউটার অপারেটর (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
১০। পি এ টু, সি জে এম, টাঙ্গাইল।
১১। বেঞ্চ সহকারী, সদর আমলী আদালত, টাঙ্গাইল। (উক্ত আইনে দায়েরকৃত বিচারাধীন মামলার নথি দায়িত্ব প্রাপ্ত আদালতে প্রেরণের নির্দেশনা সহ)
১২। অফিস কপি।

১৯/১১/১৮
(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।